# لعنة الله على الساحرين

# যাদুকরদের প্রতি অভিশাপ

للشيخ خالد الحبشي حفظه الله

শায়খ খালিদ আল হিবশি হাফিযাহুল্লাহ

اَلْحَمْدُ لِلّٰهِ رَبِّ الْعَالَمِيْنَ

সকল প্রশংসা আল্লাহর জন্য যিনি বিশ্বজগতের প্রতিপালক।

اَللّٰهُمَّ لَكَ الْحَمْدُ

হে আল্লাহ, যাবতীয় প্রশংসা আপনার জন্য।

اَللّٰهُمَّ لَكَ الْحَمْدُ كُلُّهٗ دِقَّهٗ وَ جُلُّهٗ

হে আল্লাহ, ছোট বড় সকল প্রশংসা আপনার জন্য।

اَللّٰهُمَّ لَكَ الْحَمْدُ

হে আল্লাহ, সকল প্রশংসা আপনার জন্য

يَا مَنْ تَوَحَّدْتَ بِالْمُلْكِ وَ الْمَلَكُوْتِ

হে এমন সত্তা যিনি ক্ষমতা ও রাজত্বে  একক ও অনন্য।

وَ تَفَرَّدْتَ بِالْعَظَمَةِ وَالْجَبَرُوْتِ

সম্মান ও ক্ষমতায় অদ্বিতীয়।

مَلَكْتَ فَقَهَرْ

আপনি রাজত্ব করেন নিজ ক্ষমতাবলে।

وَ خَلَقْتَ فَأَمَرْ

আপনি বস্তু সৃষ্টি করেছেন অতঃপর তাদের বিধান দিয়েছেন।

لَا تَحُوْلُ وَلَا تَزُوْلُ

আপনার ক্ষয় নেই, লয় নেই।

لَا تَغِيْبُ وَلَا تَفُوْتُ

আপনি বিলীন হবেন না, ধ্বংস প্রাপ্ত হবেন না।

قَآئِمٌ بِنَفْسِكَ

আপনি চিরঞ্জীব।

سُبْحَانَكَ اَنْتَ الْوَاحِدُ الْعَظِيمُ

আপনার পবিত্রতা বর্ণনা করছি। আপনি একক ও সুমহান।

اَنْتَ الْوَاحِدُ الْعَظِيمُ فِي جَلَالِهِ وَ قُدُسِهِ

আপনি স্বীয় মর্যাদা ও পবিত্রতায় একক ও অনন্য।

الْكَبِيرُ الْمُتَعَالُ

সবচেয়ে বড় ও সর্বোচ্চ ক্ষমতাবান।

الْعَالِمُ بِكُلِّ حَالٍ

সকল অবস্থা সম্পর্কে অবগত।

سُبْحَانَكَ اَنْتَ الْمُتَكَبِّرُ ذُوْ الْجَلَالِ الْاِكْرَامِ

আপনার পবিত্রতা বর্ণনা করছি আপনি অহংকার ও গৌরবের অধিকারী। সব প্রভাব প্রতিপত্তির অধিকারী আপনি।

نَحْمَدُكَ سُبْحَانَكَ بِحَمْدِ الْاَنْبِيَآءِ وَ الْمَلَآئِكَةِ الْمُقَرَّبِيْنَ..

আমরা আপনার প্রশংসা , আপনার পবিত্রতা বর্ণনা করছি নবীগণ ও নৈকট্যতাপ্রাপ্ত ফেরেশতাগণের প্রশংসা করার ন্যায়।

نَحْمَدُكَ سُبْحَانَكَ بِحَمْدِ الْاَوْلِيَآءِ وَالصَّالِحِيْنَ.

আমরা আপনার প্রশংসা করছি সৎকর্মপরায়ণশীল নেককার বান্দাগণের প্রশংসা করার মত।

اَللّٰهُمَّ اِنَّا نَحْمَدُكَ بِمَا تُحِبُّ اَنْ تَسْمَعَ مِنْ عِبَادِكَ حَمْدًا

হে আল্লাহ আমরা আপনার তেমন প্রশংসা করছি যেমন প্রশংসাগাঁথা আপনি আপনার বান্দাগণের কাছ থেকে শুনতে পছন্দ করেন।

اَللّٰهُمَّ نَحْمَدُكَ حَمْدًا كَثِيْرًا

হে আল্লাহ, আমরা আপনার অজস্র প্রশংসা করছি।

اَللّٰهُمَّ صَلِّ وَ سَلِّمْ وَ بَارِكْ عَلٰى عَبْدِكَ وَ نَبِيِّكَ مُحَمَّدٍ وَعَلٰى آلِهٖ وَ اَصْحَابِهٖ
الطَّيِّبِيْنَ الطَّاهِرِيْنَ

হে আল্লাহ, পরিপূর্ণ বরকত, দয়া ও রহমত অবতীর্ণ করুন আপনার বান্দা ও নবী মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের উপর ও তার পরিজনসহ আত্মিক ও বাহ্যিক পবিত্র সহচরগণের উপর।

اَللّٰهُمَّ اَنْتَ اَكْبَرُ كَبِيْرًا

হে আল্লাহ, আপনি মহান।

اَللّٰهُمَّ لَكَ الْحَمْدُ كَثِيْرًا

হে আল্লাহ, আপনার জন্যই অধিক প্রশংসা।

اَللّٰهُمَّ اِنَّا نُسَبِّحُكَ بُكْرَةً وَّ اَصِيْلًا

হে আল্লাহ, আমরা আপনার পবিত্রতা বর্ণনা করি সকাল ও সন্ধ্যায়।

اَللّٰهُمَّ اَنْتَ الْعَالِمُ بِكُلِّ حَالُ

হে আল্লাহ, আপনি সকল বিষয় সম্পর্কে অবগত।

اَللّٰهُمَّ مُنْزِلَ الْكِتَابِ وَمُجْرِيَ السَّحَابِ

হে আল্লাহ, আপনিই কিতাবসমূহের অবতীর্ণকারি, মেঘমালার আবর্তনকারী,

هَازِمِ الأَحْزَابِ شَدِيدِ الْعِقَابِ

বিভিন্ন বাহিনীকে পরাজয় দানকারী, কঠিন প্রতিশোধ গ্রহণকারী

سَرِيعِ الْحِسَابُ

দ্রুত হিসাব গ্রহণকারী,

اَللّٰهُمَّ اَحْصِ السَّحَرَةَ وَاَعْوَانَهُمْ عَدَدًا

হে আল্লাহ, আপনি যাদুকর ও তার সহচরদের এক এক করে শাস্তি দিন।

اَللّٰهُمَّ اقْتُلْهُمْ بَدَدًا

হে আল্লাহ, আপনি তাদের ছত্রভঙ্গ করে হত্যা করুন

وَلَا تُغَادِرْ مِنْهُمْ اَحَدًا

এবং তাদের কাউকে ছাড় দিবেন না।

اَللّٰهُمَّ قَتِّلِ السَّحَرَةَ وَاَعْوَانَهُمْ اَجْمَعِيْنَ

হে আল্লাহ, আপনি যাদুকর ও তার সহচরদের সমূলে ধ্বংস করে দিন

اَللّٰهُمَّ اِنَّا نَجْعَلُكَ فِي نُحُوْرِهِمْ يَا قَوِيُّ يَا مَتِيْنُ

হে আল্লাহ, আমরা তাদের মোকাবিলায় আপনাকে আশ্রয় হিসেবে গ্রহণ করছি, হে প্রবল পরাক্রমশালী ও মহা শক্তিধর।

اَللّٰهُمَّ اِنَّا نَعُوْذُ بِكَ مِنْ شُرُوْرِهِمْ

হে আল্লাহ, আমরা তাদের অনিষ্টতা থেকে আপনার কাছেই আশ্রয় প্রার্থনা করছি।

اَللّٰهُمَّ اِنَّا نَعُوْذُ بِكَ مِنْ اَسْحَارِهِمْ وَعُقَدِهِمْ وَرَبْطِهِمْ

হে আল্লাহ, আমরা তাদের যাদু, যাদুর গিঁঠ ও বাঁধন থেকে আপনার আশ্রয় প্রার্থনা করছি।

اَللّٰهُمَّ اَنْزِلْ عَلَيْهِمْ بَأْسَكَ الشَّدِيْدِ

হে আল্লাহ, আপনার ভয়াবহ বিপদ তাদের উপর অবতীর্ণ করুন

اَلَّذِي لَا يُرَدُّ وَلَا يُصَدُّ وَلَا يَقْدِرُ عَلٰى دَفْعِهِ اَحَدٌ

যা অপ্রতিরোধ্য, অদম্য ও যার মোকাবিলা করতে কেউ সক্ষম নয়।

اَللّٰهُمَّ اهْلِكْ اَقْوَاهُمْ

হে আল্লাহ, আপনি তাদের সর্বাধিক শক্তিমানকে ধংস করুন।

اَللّٰهُمَّ اهْلِكْ اَعْتَاهُمْ

হে আল্লাহ, তাদের নেতৃত্ব প্রদানকারীকে আপনি ধ্বংস করুন।

اَللّٰهُمَّ اهْلِكْ اَمْكَرَهُمْ وَاَكْبَرَهُمْ وَاَدْهَاهُمْ

হে আল্লাহ, আপনি তাদের মধ্যে সর্বাধিক অবাধ্য, সবচেয়ে বড় কৌশলী ও পরিকল্পনাকারীকে ধ্বংস করুন।

اَللّٰهُمَّ اهْلِكْ اَعْلَمَهُمْ بِالسِّحْرِ وَاَشَدَّهُمْ

হে আল্লাহ, তাদের মধ্যে যাদু বিদ্যা সম্পর্কে সবচেয়ে জ্ঞানী ও শক্তিশালীকে কে ধ্বংস করুন।

اَللّٰهُمَّ اهْلِكْ كُلَّ جَبَّارٍ عَنِيدٍ شَيْطَانٍ مُتَكَبِّرٍ مَرِيْدٍ

হে আল্লাহ, আপনি প্রত্যেক শক্তিশালী, অবাধ্য, অহংকারী ও বিতাড়িত শয়তানকে ধ্বংস করুন।

اَللّٰهُمَّ اهْلِكْ مَنْ تَسَلَّطُوْا بِالسِّحْرِ عَلٰى عِبَادِكَ عَدَدًا

হে আল্লাহ, আপনার বান্দাদের উপর যারা যাদুর মাধ্যমে প্রভাব বিস্তার করতে চায় তাদেরকে গুনে গুনে ধ্বংস করুন।

اَللّٰهُمَّ اقْتُلْهُمْ بَدَدًا فَإِنَّهُمْ لَا يُعْجِزُوْنَكَ

হে আল্লাহ, আপনি তাদের ছত্রভঙ্গ করুন, নিঃসন্দেহে তারা আপনাকে অক্ষম করতে পারে না।

اَللّٰهُمَّ اَهْلِكْهُمْ هَلَاكَ عَادٍ وَ ثَمُوْدُ

হে আল্লাহ, আপনি তাদের আদ ও সামুদ জাতির ন্যায় ধ্বংস করুন।

اَللّٰهُمَّ اجْعَلْ عَالِيَهُمْ سَافِلَهُمْ كَقَوْمِ لُوْطٌ

হে আল্লাহ, আপনি তাদের লুত আ. এর জাতির মত উল্টে ধ্বংস করে দিন।

اَللّٰهُمَّ وَارْجُمْهُمْ بِحِجَارَةٌ مِنْ سِجِّيْلٍ مَنْضُوْدٍ مُسَوَّمَةً عِنْدَكَ مِنَ الشَّيَاطِيْنَ غَيْرَ بَعِيْدُ

হে আল্লাহ, আপনি তাদের ছোট ছোট যথোপযুক্ত চিহ্নিত কঙ্কর দ্বারা প্রস্তারাঘাত করুন, যা তারা শিঘ্র প্রাপ্ত হবে।

اَللّٰهُمَّ اَرْسِلْ عَلَيْهِمْ رِيحًا صَرْصَرًا فِي يَوْمِ نَحْسٍ مُسْتَمِرٌّ

হে আল্লাহ, আপনি তাদের উপর অশুভ দিনের ঝঞ্ঝাবায়ু প্রেরণ করুন।

اَللّٰهُمَّ اجْعَلْهُمْ كَاَعْجَازِ نَخْلٍ مُنْقَعِرٌّ

হে আল্লাহ, আপনি তাদের উৎপাটিত খেজুর কান্ডের ন্যায় অধঃপতিত করুন।

اَللّٰهُمَّ اهْلِكْهُمْ بِالطَّاغِيَةْ

হে আল্লাহ, আপনি তাদের প্রলয়ংকারী বিপর্যয় দ্বারা ধ্বংস করুন।

اَللّٰهُمَّ لَا تَجْعَلْ لَهُمْ مِنْ بَاقِيَةْ

হে আল্লাহ, আপনি তাদের উত্তরসূরি কাউকে জীবিত রাখবেন না।

اَللّٰهُمَّ سَلِّطْ عَلَيْهِمْ جُنْدًا مِنْ جُنْدِكَ

হে আল্লাহ, আপনি তাদের বিরুদ্ধে আপনার বাহিনীসমূহ থেকে কোন একটি বাহিনী লাগিয়ে দিন

وَ مَلَآئِكَةً مِنْ عِنْدِكَ

এবং আপনার পক্ষ থেকে কোন ফেরেশতাকূলকে।

اَللّٰهُمَّ اَنْزِلْ عَلَيْهِمْ رِجْزَكَ الْاَلِيْمْ وَ عَذَابَكَ الشَّدِيْدْ

হে আল্লাহ, আপনি তাদের উপর আপনার কষ্টদায়ক আপদ ও কঠিন শাস্তিন প্রেরণ করুন।

اَللّٰهُمَّ سَلِّطْ عَلَيْهِمْ جُنْدًا مِنْ جُنْدِكَ وَمَلَآئِكَةً مِنْ عِنْدِكَ

হে আল্লাহ, আপনি তাদের পেছনে আপনার বাহিনীসমূহ থেকে কোন একটি বাহিনী লাগিয়ে দিন এবং আপনার পক্ষ থেকে ফেরেশতাদের প্রেরণ করুন।

يَسُوْمُوْنَهُمْ سُوْٓءَ الْعَذَابِ

যারা তাদের নিকৃষ্ট শাস্তির স্বাদ আস্বাদন করাবে,

يَضْرِبُوْنَ وُجُوْهَهُمْ وَاَدْبَارَهُمْ

তাদের মুখমন্ডল ও পশ্চাদ্দেশে প্রহার করবে,

وَيُذِيْقُوْهُمْ عَذَابَ الْحَرِيْقِ

এবং তাদের জ্বলন্ত আগুনের শাস্তি আস্বাদন করাবে।

اَللّٰهُمَّ اَنْزِلْ عَلَيْهِمْ رِجْزًا مِنَ السَّمَآءْ

হে আল্লাহ, আপনি তাদের উপর আকাশ থেকে আপদ অবতীর্ণ করুন।

اَللّٰهُمَّ اَغْرِقْهُمْ وَاَطْبِقْ عَلَيْهِمْ كَقَوْمِ فِرْعَوْنَ الْمَآءْ

হে আল্লাহ, আপনি তাদের ডুবিয়ে দিন এবং তাদের ওপর ফেরাউনের জাতির অনুরূপ পানি চাপিয়ে দিন।

اَللّٰهُمَّ اَرْسِلْ عَلَيْهِمْ اَنجُمًا ثَاقِبَةً وَشُهُبًا حَارِقَةً وَصَوَاعِقَ قَاتِلَةً مُدَمِّرَةْ

হে আল্লাহ, আপনি তাদের উপর জ্বলন্ত নক্ষত্র, প্রজ্জলনকারী তারকা ও তাদের ধ্বংস করে দিতে পারে এমন বজ্র নিক্ষেপ করুন।

اَللّٰهُمَّ زَلْزِلْهُمْ زِلْزَالًا شَدِيْدًا

হে আল্লাহ, আপনি তাদের ভয়ংকর ভূকম্পে নিপতিত করুন

وَاكْبِتْهُمْ وَالْعَنْهُمْ لَعْنًا كَبِيْرًا

এবং তাদের ধ্বংস করুন তাদের অভিশপ্ত করুন।

اَللّٰهُمَّ اقْتُلْ مَنْ سَحَرَ وَطَغٰى وَبَغٰى وَكَانَ لِاٰيَاتِكَ عَنِيْدً

হে আল্লাহ, আপনি ধ্বংস করুন এমন লোকদের যারা যাদু করে, যারা অবাধ্যতা করে, যারা সীমালংঘন করে, যারা আপনার নিদর্শনসমূহকে অস্বীকার করে।

اَللّٰهُمَّ ارْهِقْهُ صَعُوْدًا

হে আল্লাহ, আপনি তাকে শাস্তির পাহাড়ে আরোহন করান।

اَللّٰهُمَّ اجْعَلِ النُّجُوْمَ عَلَيْهِمْ رُجُوْمًا

হে আল্লাহ, আপনি তাদের জন্য তারকাসমূহকে নিক্ষিপ্ত প্রস্তরে পরিণত করুন,

وَالزَّقُّوْمَ لَهُمْ طَعَامًا

কাঁটাযুক্ত ফলকে তাদের আহার করুন,

وَاسْقِهِمْ حَمِيْمًا

ও গরম পানি তাদের পানীয় হিসেবে স্থির করুন।

اَللّٰهُمَّ اَلْقِ فِيْ قُلُوْبِهِمُ الرُّعْبَ

হে আল্লাহ, আপনি তাদের অন্তরে ভীতির সঞ্চার করুন।

اَللّٰهُمَّ فَزِّعْهُمْ تَفْزِيْعًا

হে আল্লাহ, তাদেরকে আপনি ভয়াবহ ভীতিতে নিপতিত করুন

وَحُلْ بَيْنَهُمْ وَبَيْنَ مَا يَشْتَهُوْنَ وَحُلْ بَيْنَهُمْ وَبَيْنَ مَا يُرِيْدُوْنَ وَيَبْغُوْنَ

এবং তাদের কাঙ্খিত বস্তুর মাঝে আপনি বাধা হয়ে দাঁড়ান। তারা এবং তাদের কাম্য ও গন্তব্যের মাঝে আপনি বাধা হয়ে দাঁড়ান।

اَللّٰهُمَّ قَتِّلْهُمْ تَقْتِيْلًا وَحَرِّقْهُمْ تَحْرِيْقًا

হে আল্লাহ, আপনি তাদের ধ্বংস করুন এবং তাদেরকে আগুন প্রজ্জ্বলিত করুন।

اَللّٰهُمَّ صُبَّ مِنْ فَوْقِ رُؤُسِهِمُ الْحَمِيْمُ

হে আল্লাহ, আপনি তাদের মাথায় গরম পানি ঢেলে দিন।

اَللّٰهُمَّ اصْهَرْ بِهٖ مَا فِي الاَرْحَامِ وَالظُّهُوْرِ وَالاَيْدِىْ وَالاَرْجُلِ وَالعَوْرَاتِ وَ البُطُوْنْ

হে আল্লাহ, সেই গরম পানি দিয়ে তাদের পেট, তাদের পিঠ, তাদের হাত, তাদের পা, তাদের লজ্জাস্থান ও তাদের ভ্রুনস্থ সকল কিছু ধ্বংস করে দিন।

اَللّٰهُمَّ احْرِقْهُمْ بِنَارٍ تَأْتِيْهِمْ بَغْتَةً لَا يَسْتَطِيْعُوْنَ رَدَّهَا عَنْ وُّجُوْهِهِمْ وَاَجْسَادِهِمْ وَاجْعَلْهُمْ حَصِيْدًا خَامِدِيْنْ

হে আল্লাহ, তাদেরকে আপনি এমন আগুন ধারা জ্বালিয়ে দিন যা হঠাৎ আগত হয় এবং তারা সে আগুনের লেলিহান শিখা থেকে নিজেদের মুখমন্ডল নিজেদের শরীর বাঁচাতে পারবে না এবং তাদের নির্বাপিত শস্যসদৃশ করে দিন।

اَللّٰهُمَّ صُبَّ عَلَيْهِمُ العَذَابَ صَبًّا

হে আল্লাহ, আপনি তাদের উপর ধারাবাহিক শাস্তি অবতীর্ণ করুন।

اَللّٰهُمَّ لَا تُبْقِ مِنْهُمْ اَحَدًا اَبَدًا

হে আল্লাহ, আপনি তাদের কাউকে ছাড় দিবেন না।

اَللّٰهُمَّ صُبَّ عَلَيْهِمْ صَوْتَ عَذَابْ

হে আল্লাহ, আপনি তাদের উপর আপনার আজাব নির্ধারন করে দিন।

اَللّٰهُمَّ اجْعَلْهُمْ كَهَشِيْمِ الْمُحْتَضِرْ

হে আল্লাহ, আপনি তাদের শুষ্ক শাখাপল্লবনির্মিত দলিত খোয়াড়ে পরিণত করুন।

اَللّٰهُمَّ اجْعَلْ فِيْ اَعْنَاقِهِمْ وَاَيْدِيْهِمْ وَاَرْجُلِهِمْ سَلَاسِلًا وَاَغْلَالًا وَّسَعِيْرًا

হে আল্লাহ, আপনি তাদের ঘাড়, তাদের হাত ও তাদের পায়ে শিকল ও লোহার বোঝা চাপিয়ে দিন এবং জাহান্নাম কে নিশ্চিত করুন।

اَللّٰهُمَّ حَرِّقْ مَنْ اَدْبَرَ وَاسْتَكْبَرَ وَعَبَثَ لِلْحَقِّ وَبَصَرْ وَحَسَدَ وَعَقَدَ وَرَبَطَ وَسَحَرْ

হে আল্লাহ, আপনি জ্বালিয়ে দিন এমন ব্যক্তিদের যারা পশ্চাদ্ধাবন করে, যারা অহমিকা প্রদর্শন করে, যারা সত্য দেখে তার প্রতি ভ্রূকুঞ্চিত করে, তার প্রতি বিদ্বেষ পোষণ করে, যারা যাদু করে, যারা গিঁট লাগায় বা বাধন দেয়।

اَللّٰهُمَّ وَاصْلِهِ صَقَرْ

হে আল্লাহ, আপনি তাকে জাহান্নামের শাস্তি আস্বাদন করান।

اَللّٰهُمَّ لَا تُبْقِ مِنْهُ وَلَا مِنْ جُنْدِهٖ اَحَدًا وَلَا تَذَرْ

হে আল্লাহ, আপনি তাদের কাউকে বাকি রাখবেন না এবং তাদের বাহিনীর কাউকে ছাড় দিবেন না।

اَللّٰهُمَّ اخْسِفْ بِهِمُ الاَرْضَ

হে আল্লাহ, আপনি তাদের ভুস্খলিত করুন।

اَللّٰهُمَّ ارْسِلْ عَلَيْهِمْ حَاصِبًا مِنَ السَّمَآءِ وَاقْطَعْ عَنْهُمْ اَسْبَابَ الْحَيَاةْ

হে আল্লাহ, আপনি তাদের উপর আকাশ থেকে পাথর বর্ষণ করুন, জীবনের যাবতীয় উপকরণ থেকে বঞ্চিত করুন।

اَللّٰهُمَّ اَنْزِلْهُمْ مِنْ صَيَاصِيْهِمْ وَاَخْرِجْهُمْ مِنْ حُصُوْنِهِمْ وَبُيُوْتِهِمْ اَذِلَّةً صَاغِرِيْنْ

হে আল্লাহ, তাদের দুর্গসমূহ থেকে তাদের বিতাড়িত করুন, তাদের ঘর সমূহ থেকে তাদের লাঞ্ছিত অপদস্থ করে বহিষ্কার করুন।

اَللّٰهُمَّ اكْسِرْ مُلْكَهُمْ

হে আল্লাহ, তাদের রাজ্য ধ্বংস করুন,

وَاقْسِمْ ظُهُوْرَهُمْ

তাদের শক্তি ছিন্নভিন্ন করে দিন,

وَاكْسِرْ شَوْكَتَهُمْ

তাদের চাকচিক্য নষ্ট করে দিন,

وَعَطِّلْ اَسْلِحَتَهُمْ

তাদের অস্ত্র শস্ত্র অকার্যকর করে দিন,

وَمَا يَسْتَخْدِمُوْنَ وَفِي اَسْحَارِهِمْ ضِدَّ الْمُسْلِمِيْنَ

এবং মুসলমানদের বিরুদ্ধে তারা যাদুর কাজে ব্যবহৃত তাদের সব উপকরণ ধ্বংস করে দিন।

اَللّٰهُمَّ ابْطِلْ اَسْحَارَهُمْ اَيْنَ مَا كَانَتْ وَكَيْفَ مَا كَانَتْ

হে আল্লাহ, আপনি তাদের সব যাদু ধ্বংস করে দিন, তা যে স্থানেই থাকুক এবং যেভাবেই করা হোক।

اَللّٰهُمَّ عَلَيْكَ بِالْيَهُوْدِ وَالنَّصَارٰى وَمَنْ شَايَعَهُمْ وَاَعَانَهُمْ مِنَ السَّحَرَةِ يَا قَوِيُّ يَا مَتِيْنُ

হে আল্লাহ, আপনি ইয়াহুদী নাসারাসহ যারা তাদের অনুসারী ও সাহায্যকারী রয়েছে তাদের ধ্বংস করুন। হে অসীম শক্তিশালী ও মহাপরাক্রমশালী।

اَللّٰهُمَّ حُلَّ كُلَّ مَسْحُوْرٍ

হে আল্লাহ, প্রত্যেক যাদুগ্রস্তকে আপনি মুক্ত করে দিন।

اَللّٰهُمَّ حُلَّ كُلَّ مَرْبُوْطٍ

হে আল্লাহ, যাদুর জন্য বন্ধনকৃত প্রতিটি গিট আপনি খুলে দিন।

اَللّٰهُمَّ يَا حَيُّ يَا قَيُّوْمُ

হে আল্লাহ , হে চিরঞ্জীব চিরস্থায়ী সত্তা।

بِرَحْمَتِكَ نَسْتَغِيْثُ

আপনার দয়া ও অনুগ্রহের সুবাদে আমরা আপনার কাছে সাহায্য প্রার্থনা করছি।

اَنْتَ عَضُدَنَا وَاَنْتَ نَصِيْرُنَا بِكَ نَحُوْلُ وَبِكَ نَصُوْلُ وَبِكَ نُقَاتِلُ

আপনিই আমাদের সাহায্যকারী, আপনি আমাদের সামর্থ্যদানকারী। আমরা আপনার সাহায্যেই আক্রমণ করি এবং আপনার ভরসাতেই যুদ্ধে লিপ্ত হই।

اَللّٰهُمَّ اِنَّا نَجْعَلُكَ فِي نُحُوْرِ السَّحَرَةِ

হে আল্লাহ, আমরা আপনাকে যাদুকরদের অনিষ্টতার বিরুদ্ধে প্রাচীর হিসেবে গ্রহণ করছি।

اَللّٰهُمَّ اِنَّا نَجْعَلُكَ فِي نُحُوْرِ السِّحَرَةِ وَخُدَّامِهِمْ وَحَرَّاسِهِمْ وَكُبَرَآئِهِمْ

হে আল্লাহ, আমরা আপনাকে যাদুকর, তাদের সাহায্যকারীদের, তাদের পাহারাদানকারী ও তাদের নেতাদের অনিষ্টতার বিরুদ্ধে আশ্রয় হিসেবে গ্রহণ করছি।

اَللّٰهُمَّ اِنَّا نَعُوْذُ بِكَ مِنْ شُرُوْرِهِمْ وَمِنْ عُقَدِهِمْ وَاَسْحَارِهِمْ وَاَسْلِحَتِهِمْ

হে আল্লাহ, আমরা আপনার কাছে আশ্রয় প্রার্থনা করছি তাদের অনিষ্টতা থেকে, তাদের যাদুর গিঁট থেকে, তাদের যাদু থেকে ও তাদের অস্ত্র থেকে।

اَللّٰهُمَّ ابْطِلْ كُلَّ سِحْرٍ مَرْشُوْشْ

হে আল্লাহ, পানি ছিটিয়ে করা সব যাদু আপনি নষ্ট করে দিন।

اَللّٰهُمَّ ابْطِلْ كُلَّ سِحْرٍ اسْتَغَاثُوْا فِيْهِ بِمُلُوْكِ الْجَانْ

হে আল্লাহ, জিন সম্রাটদের সাহায্য নিয়ে করা সব যাদু ধ্বংস করে দিন।

اَللّٰهُمَّ ابْطِلْ كُلَّ سِحْرٍ عَلٰى الْمَبَايِضِ وَالْاَرْحَامْ

হে আল্লাহ, ভ্রুণস্থ বা মাতৃগর্ভে অবস্থানরত বস্তুসমূহের যাদু আপনি ধ্বংস করে দিন।

اَللّٰهُمَّ ابْطِلْ كُلَّ سِحْرٍ فِيْ جُثَثٍ وَعِظَامْ

হে আল্লাহ, আপনি ধংস করে দিন মৃত শরীরের মাংস বা তার হাড্ডি দ্বারা করা প্রতিটি যাদুকে।

اَللّٰهُمَّ ابْطِلْ كُلَّ سِحْرٍ فِي الجَمَاجِمِ صَنَعُوْاهُ

হে আল্লাহ, মাথার খুলি দ্বারাকৃত প্রতিটি যাদুকে আপনি ধ্বংস করে দিন।

اَللّٰهُمَّ ابْطِلْ كُلَّ سِحْرٍ مَلْمُوْسٌ

হে আল্লাহ, স্পর্শের মাধ্যমে করা সব যাদু আপনি নষ্ট করে দিন।

اَللّٰهُمَّ ابْطِلْ كُلَّ سِحْرٍ مَلْبُوْسٌ

হে আল্লাহ, পরিধেয় বস্ত্রের মাধ্যমে করা সব যাদু আপনি নষ্ট করে দিন।

اَللّٰهُمَّ ابْطِلْ كُلَّ سِحْرٍ بِالْمُصَافَحَةِ تَمْ

হে আল্লাহ, করমর্দনের মাধ্যমে করা প্রতিটি যাদু আপনি ধ্বংস করে দিন ।

اَللّٰهُمَّ ابْطِلْ كُلَّ سِحْرٍ عَبْرَ الهَاتِفِ صَنَعُوْاهُ

হে আল্লাহ, অদৃশ্য সত্তার মাধ্যমে করা প্রতিটি যাদুকে আপনি ধংস করে দিন ।

اَللّٰهُمَّ ابْطِلْ كُلَّ سِحْرٍ مِنْ بَلَدٍ بَعِيْدٍ صَنَعُوْاهُ

হে আল্লাহ,  দূরবর্তী শহর থেকে তাদের করা প্রতিটি যাদুকে আপনি ধ্বংস করে দিন ।

اَللّٰهُمَّ ابْطِلْ كُلَّ سِحْرٍ بِاٰيَةٍ عَكَسُوْهَا بِاٰيَةٍ حَرَّفُوْهَا

হে আল্লাহ, আপনার আয়াতকে বিকৃতকরণ বা পরিবর্তনের মাধ্যমে তারা যে যাদু করেছে তা আপনি ধ্বংস করে দিন।

اَللّٰهُمَّ ابْطِلْ كُلَّ سِحْرٍ امْتَهَنُوْا فِيْهِ كِتَابَكَ

হে আল্লাহ, আপনি এমন প্রতিটি যাদু ধ্বংস করে দিন যা করার ক্ষেত্রে আপনার কিতাব কে অপমান করা হয়েছে।

اَللّٰهُمَّ ابْطِلْ كُلَّ سِحْرٍ حَرَّكَتْهُ الرِّيَاحُ

হে আল্লাহ, আপনি এমন প্রতিটি যাদু ধ্বংস করে দিন যা বাতাসের মাধ্যমে আবর্তিত হয়।

اَللّٰهُمَّ ابْطِلْ كُلَّ سِحْرٍ فِي جَبَلْ

হে আল্লাহ, আপনি পাহাড়স্থিত প্রতিটি যাদু ধ্বংস করে দিন।

اَللّٰهُمَّ ابْطِلْ كُلَّ سِحْرٍ فِي جَبَلٍ اَوَّاهُ

হে আল্লাহ, আপনি প্রতিটি এমন যাদু ধ্বংস করে দিন যা তারা পাহাড়ে আশ্রয় নিয়ে করেছে।

اَللّٰهُمَّ اِنَّا نَعُوْذُ بِكَ مِنْ غَدْرِهِمْ وَ مَكْرِهِمْ

হে আল্লাহ, আমরা আপনার কাছে আশ্রয় চাই তাদের কুমন্ত্রণা থেকে ও তাদের ধোঁকাবাজি থেকে।

اَللّٰهُمَّ اِنَّا نَعُوْذُ بِكَ مِنْ حِقْدِهِمْ وَ حَسَدِهِمْ

হে আল্লাহ, আমরা আপনার কাছে তাদের হিংসা ও বিদ্বেষ থেকে আশ্রয় প্রার্থনা করছি।

اَللّٰهُمَّ اِنَّا نَعُوْذُ بِكَ مِنْ شِدَّةِ بَطْشِهِمْ وَ تَرَبُّصِهِمْ وَمُتَابَعَتِهِمْ وَ تَشْدِيْدِهِمْ

হে আল্লাহ, আমরা আপনার কাছে আশয় চাই তাদের শক্তিশালী আক্রমণ থেকে, তাদের সুযোগসন্ধান থেকে তাদের অনুসরণ থেকে ও তাদের কঠোরতা থেকে।

اَللّٰهُمَّ اِنَّا نَعُوْذُ بِكَ مِنْ صَبْرِهِمْ وَصَبْرِ شَيَاطِيْنِهِمْ وَ اسْتِمَاتَتِهِمْ

হে আল্লাহ, আমরা আপনার কাছে আশ্রয় প্রার্থনা করি তাদের সুযোগসন্ধান থেকে, তাদের শয়তানদের অপেক্ষা করা থেকে ও তাদের উম্মত্ততা থেকে।

اَللّٰهُمَّ اِنَّا نَعُوْذُ بِكَ مِنِ اسْتِمَاتَتِهِمْ وَ شَهَوَاتِهِمْ وَ زَيْغِهِمْ وَ ضَلَالَتِهِمْ

হে আল্লাহ, আমরা আপনার কাছে আশ্রয় প্রার্থনা করছি তাদের উম্মত্ততা থেকে, তাদের হীনকামনা, পথভ্রষ্ট করার চেষ্টা থেকে এবং তাদের বিভ্রান্তি থেকে।

اَللّٰهُمَّ اكْفِنَاهُمْ بِمَا شِئْتَ وَ كَيْفَ شِئْتَ

হে আল্লাহ, আপনি আমাদের জন্য যথেষ্ট হয়ে যান যেভাবেই আপনার মর্জি যার মাধ্যমেই আপনার মর্জি।

حَسْبُنَا اللّٰهُ وَ نِعْمَ الْوَكِيْلِ

আমাদের জন্য আল্লাহই যথেষ্ট, তিনিই উত্তম কার্যনির্বাহক।

حَسْبُنَا الْخَالِقُ مِنَ الْمَخْلُوْقِ

মাখলুকের বিপরীতে স্রষ্টাই আমাদের জন্য যথেষ্ট।

حَسْبُنَا الرَّازِقُ مِنَ الْمَرْزُوْقِ

রিজিকপ্রত্যাশির চাইতে আমাদের জন্য রিজিকের স্রষ্টাই যথেষ্ট।

حَسْبُنَا اللّٰهُ الَّذِي هُوَ حَسْبُنَا عَلَيْهِ تَوَكَّلْنَا وَ اِلَيْهِ اَنَبْنَا وَ اِلَيْهِ الْمَصِيْرِ

আমাদের জন্য ঐ আল্লাহ যথেষ্ট যাকে আমরা আমাদের জন্য যথেষ্ট মনে করছি, আমরা তার ওপর ভরসা করছি। তার কাছে আমরা প্রত্যাবর্তীত হবো।তিনিই আমাদের গন্তব্য

وَلَا حَوْلَ لَنَا وَلَا قُوَّةَ اِلَّا بِاللّٰهُ

তিনি ব্যতীত আমাদের কোন সামর্থ্য নেই তিনি ব্যতীত আমাদের কোন শক্তি নেই।

اَللّٰهُمَّ قَاتِلِ السِّحَرَةَ اَلَّذِيْنَ يَصُدُّوْنَ عَنْ سَبِيْلِكَ

হে আল্লাহ, আপনি ধ্বংস করুন ঐ যাদুকরদের, যারা আপনার পথের মাঝে বাধা তৈরি করে,

وَيُكَذِّبُوْنَ رُسُلَكَ

আপনার রাসুলদের মিথ্যা প্রতিপন্ন করে,

وَلَا يُؤْمِنُوْنَ بِوَعْدِكَ

আপনার প্রতিশ্রুতি সমূহের উপর বিশ্বাস স্থাপন করে না,

وَيُؤْذُوْنَ عِبَادَكَ وَاِمَآئَكَ

আপনার বান্দা-বান্দিদের কষ্ট দেয়,

وَيُقَاتِلُوْنَ اَوْلِيَآئَكَ

আপনার আউলিয়াদের হত্যা করে।

اَللّٰهُمَّ خَالِفْ بَيْنَ كَلِمَتِهِمْ

হে আল্লাহ, আপনি তাদের মাঝে বিভেদ তৈরি করে দিন।

اَللّٰهُمَّ وَالْقِ الرُّعْبَ فِيْ قُلُوْبِهِمْ

হে আল্লাহ, আপনি তাদের অন্তরে ভীতির সঞ্চার করুন।

اَللّٰهُمَّ اَنْزِلْ عَلَيْهِمْ رِجْزَكَ وَعَذَابَكَ اِلٰهَ الْحَقِّ

হে আল্লাহ, আপনি তাদের উপর আপনার শাস্তি ও আপনার আজাব অবতীর্ণ করুন, হে সত্যের প্রভু।

اَللّٰهُمَّ اَعِنَّا وَلَا تَعِنْ عَلَيْنَا

হে আল্লাহ, আপনি আমাদের জন্য সাহায্য নাযিল করুন, আমাদের বিরুদ্ধে নয়

وَانْصُرْنَا وَلَا تَنْصُرْ عَلَيْنَا

আপনি আমাদের সাহায্য করুন, আমাদের বিরুদ্ধে নয়

وَاهْدِنَا وَيَسِّرْ هُدَانَا اِلَيْنَا

আপনি আমাদের হেদায়াত দান করুন এবং আমাদের জন্যে আপনার পথে চলাকে সহজ করুন।

اَللّٰهُمَّ امْكُرْ لَنَا وَلَا تَمْكُرْ عَلَيْنَا

হে আল্লাহ, আপনি আমাদের জন্য কৌশল অবলম্বন করুন, আমাদের বিরুদ্ধে নয়।

وَانْصُرْنَا عَلٰى مَنْ بَغٰى عَلَيْنَا

এবং আমাদের সাহায্য করুন এমন লোকদের বিরুদ্ধে যারা আমাদের ওপর অন্যায় করছে।

اللّٰهُمَّ اِنَّا نَسْأَلُكَ بِقُدْرَتِكَ الَّتِي تُمْسِكُ بِهَا السَّمٰوَاتِ السَّبْعِ

হে আল্লাহ, আমরা আপনার ঐ সামর্থের দোহাই দিয়ে প্রার্থনা করছি যার মাধ্যমে আকাশসপ্তককে স্থির রেখেছেন -

اَنْ تَكْفِيَنَا بَأْسَ السَّحَرَةِ وَالشَّيَاطِيْنِ وَالعَفَارِيْتِ وَالْمَرَدَةِ

যেন আপনি আমাদের জন্য যথেষ্ট হয়ে যান যাদুকরদের, শয়তানদের, জিনদের এবং অবাধ্যদের অনিষ্টতার বিরুদ্ধে।

اِنَّكَ اَشَدُّ بَأْسًا وَّ اَشَدُّ تَنْكِيْلًا

নিশ্চয়ই আপনার প্রভাব চরম পর্যায়ের ও অধিক প্রভাবক।

اَللّٰهُمَّ اشْفِي اَنْتَ الشَّافِي لَا شَافِيَ اِلَّا اَنْتَ وَلَا شِفَآءَ اِلَّا شِفَآئُكَ شِفَآءً لَا يُغَادِرُ سَقَمًا

হে আল্লাহ, আপনি আরোগ্য দান করুন। নিশ্চয়ই আপনি আরোগ্যদানকারী। আপনি ব্যতীত কোন শিফাদানকারী নেই এবং আপনার শিফা ব্যতীত আরোগ্য সম্ভব নয়। এমন রোগমুক্তি দিন যার সাথে কখনো অসুস্থতা সম্পৃক্ত হতে পারে না।

اَللّٰهُمَّ بَصِّرْ كُلَّ مَسْحُوْرٍ بِسِحْرِهٖ

হে আল্লাহ, আপনি প্রত্যেক যাদুগ্রস্ত ব্যক্তিকে তাকে করা যাদু দেখিয়ে দিন।

اَللّٰهُمَّ بَصِّرْ كُلَّ مَسْحُوْرٍ بِمَكَانِ سِحْرِهٖ

হে আল্লাহ, আপনি প্রত্যেক যাদুগ্রস্ত ব্যক্তিকে তার যাদু করার স্থান দেখিয়ে দিন।

اَللّٰهُمَّ بَصِّرْ كُلَّ مَسْحُوْرٍ بِدَآئِهٖ وَ دَوَآئِهٖ

হে আল্লাহ, আপনি প্রত্যেক যাদুগ্রস্ত ব্যক্তিকে তার অসুস্থতা ও ঔষধ সম্পর্কে অবহিত করুন।

رَبُّنَا اللهُ الَّذِي فِي السَّمَآءِ تَقَدَّسَ اِسْمُكَ اَمْرُكَ فِي السَّمَآءِ وَ الْاَرْضِ كَمَا رَحْمَتُكَ فِي السَّمَآءِ فَاجْعَلْ رَحْمَتَكَ فِي الْاَرْضِ

হে আমাদের প্রভূ এমন আল্লাহ, যিনি আকাশের প্রভু। আপনার পবিত্র নাম, আপনার যাবতীয় নির্দেশ আসমান-যমীনে কার্যকর।

আপনার রহমত যেমন আকাশে বিদ্যমান, তেমন যমীনেও রহমত বর্ষণ করুন

وَاغْفِرْ لَنَا حُوبَنَا وَخَطَايَانَا أَنْتَ رَبُّ الطَّيِّبِينَ أَنْتَ رَبُّ الْمُسْتَضْعَفِينَ أَنْتَ رَبُّ الْمَسْحُورِينَ الْمُسْتَغِيثِينَ بِكَ وَحْدَكَ فِي كَشْفِ الْبَلَاءِ فِي كَشْفِ الْكَرْبِ وَفِي كَشْفِ الْغَمِّ وَفِي كَشْفِ السِّحْرِ يَا أَرْحَمَ الرَّاحِمِينَ

এবং আমাদের গুনাহ ও অপরাধ সমূহ ক্ষমা করুন। আপনি পবিত্র বান্দাদের রব, আপনি অসহায়দের রব, আপনি যাদুগ্রস্থ সাহায্যপ্রার্থনাকারীদের রব, যারা একমাত্র আপনার কাছেই বিপদ আপদ থেকে মুক্তির জন্য, চিন্তামুক্তি ও যাদুগ্রস্থতা থেকে মুক্তির জন্য প্রার্থনা করে। হে পরম করুণাময়।

اَللّٰهُمَّ فَأَنْزِلْ رَحْمَةً مِنْ رَحْمَتِكَ

অতএব হে আল্লাহ, আপনার রহমতসমূহ থেকে আমাদের জন্য রহমত অবতীর্ণ করুন।

اَللّٰهُمَّ أَنْزِلْ رَحْمَةً مِنْ رَحْمَتِكَ الَّتِي وَسِعَتْ كُلَّ شَيْءٍ

হে আল্লাহ, পৃথিবীর যাবতীয় বস্তুতে পরিব্যপ্ত আপনার দয়াভান্ডার থেকে আমাদের দয়া করুন,

وَشِفَاءً مِنْ شِفَائِكَ وَأَنْزِلْ شِفَاءً مِنْ شِفَائِكَ عَلَى كُلِّ سِحْرٍ فَيُبْطَلُ

আপনার রোগমুক্তিদানের ক্ষমতায় আমাদের আরোগ্য দান করুন এবং যাদুগ্রস্ততা থেকে আরোগ্য দান করুন যা সব যাদু ধ্বংস করে দেয়।

اَللّٰهُمَّ اَنْزِلْ شِفَآءً مِنْ شِفَآئِكَ عَلٰى كُلِّ سِحْرٍ فَيَزُوْلُ

হে আল্লাহ, এমন সুস্হতা দান করুন যার পর সব যাদু দূরিভুত হয়ে যায়।

اَللّٰهُمَّ اَنْزِلْ شِفَآءً مِنْ شِفَآئِكَ عَلٰى كُلِّ سِحْرٍ فَيُحْرَقُ

হে আল্লাহ, যাদু থেকে আরোগ্যলাভের প্রতিষেধক দান করুন যেন সকল যাদু ভস্ম হয়ে যায়...

عَلٰى كُلِّ سِحْرٍ فَيَخْرُجُ عَلٰى كُلِّ سِحْرٍ فَيُبْطَلُ وَيَفْسُدُ اِنَّكَ عَلٰى كُلِّ شَيْئٍ قَدِيْرٍ وَبِالْاِجَابَةِ جَدِيْرٌ

যেন সকল যাদু থেকে মুক্তি পাওয়া যায়, যেন সকল যাদু বাতিল হয়ে যায়, ধ্বংস হয়ে যায় । নিশ্চয়ই আপনি সর্বময় ক্ষমতার অধিকারী এবং প্রার্থনা কবুলকারী।

اَللّٰهُمَّ رَبَّ جِبْرَآئِيْلَ وَمِيْكَآئِيْلَ وَاِسْرَافِيْلَ فَاطِرَ السَّمٰوَاتِ وَالْاَرْضِ عَالِمَ الْغَيْبِ وَالشَّهَادَةِ اَنْتَ تَحْكُمُ بَيْنَ عِبَادِكَ فِيْمَا كَانُوْا فِيْهِ يَخْتَلِفُوْنَ

হে আল্লাহ, হে জিবরাঈল, মিকাঈল ও ইসরাফিল-এর প্রভু, আকাশ জমিনের স্রষ্টা। অদৃশ্য ও দৃশ্যমান বস্তুসমূহের অবগত সত্তা। নিশ্চয়ই আপনি আপনার বান্দাদের মধ্যকার মতভেদের ব্যাপারসমূহে মিমাংসা প্রদান করেন।

اِهْدِنَا لِمَا اخْتُلِفَ فِيْهِ مِنَ الْحَقِّ بِإِذْنِكَ اِنَّكَ تَهْدِيْ مَنْ تَشَآءُ اِلٰى صِرَاطٍ مُسْتَقِيْمٍ

আপনি আমাদের যে বিষয়টি আমাদের কাছে অস্পষ্ট হয়ে আছে সেক্ষেত্রে সঠিক পথপ্রদর্শন করুন। নিশ্চয়ই আপনি যাকে ইচ্ছা তাকে সঠিক পথ প্রদর্শন করেন।

رَبَّنَا لَا تَكِلْنَا إِلٰى اَنْفُسِنَا فَنَهْلَكُ

হে আল্লাহ, আমাদেরকে আমাদের উপর ছেড়ে দিবেন না যার ফলে আমরা ধ্বংস হয়ে যাই।

عَلَيْكَ تَوَكَّلْنَا فَاكْشِفِ الْبَلَآءُ

আপনার উপরই আমাদের ভরসা, তাই এ বিপদ থেকে আমাদের মুক্ত করুন

اَللّٰهُمَّ اكْشِفْ كُلَّ بَلَآءٍ

হে আল্লাহ, সকল বিপদ থেকে আমাদের মুক্ত করুন।

اَللّٰهُمَّ بَصِّرْنَا بِالدَّآءِ وَ الدَّوَآءِ

হে আল্লাহ, আমাদের অসুস্থতা এবং তার প্রতিকারের উপায় আমাদের অবহিত করুন।

اَللّٰهُمَّ هَذَا الدُّعَآءُ وَ مِنْكَ الْاِجَابَةِ وَ هَذَا الْجُهْدُ وَ عَلَيْكَ التُّكْلَانُ

হে আল্লাহ, এই আমাদের প্রার্থনা, (আমাদের আশা) আপনি এর কবুলকারী। এটিই আমাদের প্রচেষ্টা এবং আপনার উপরই ভরসা।

وَ صَلِّ اللّٰهُمَّ عَلَى نَبِيِّنَا مُحَمَّدٍ وَّ عَلٰى اٰلِهٖ وَ صَحْبِهٖ اَجْمَعِيْنَ وَ سَلَّمَ تَسْلِيْمًا كَثِيْرًا

হে আল্লাহ, দয়া ও রহমত অবতীর্ণ করুন আমাদের নবী হযরত মুহাম্মদ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম, তাঁর পরিবার-পরিজন তার সকল সহচরবৃন্দের উপর ।

Curse against magicians – with Bangla – v1

All rights reserved by ruqyahbd.org
Date: 31 October, 2018